সূত্র নং -২৮.০৯.০০০০.০৭২.৬৩.০০১.১৯/ তারিখ ঃ ২২ আগষ্ট, ২০১৯

# সভার বিজ্ঞপ্তি

কোম্পানীর কাজের গতিশীলতা এবং বিভিন্ন দাপ্তরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা চর্চার অংশ এবং সরকারী নির্দেশনা মোতাবেক হিসেবে গঠিত বাপেক্সের ইনোভেশন কমিটির সদস্যগনের সমন্বয়ে আগামী ২৬/০৮/২০১৯ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ মিনিটে বাপেক্স বোর্ড রুমে এক সভা অনুষ্ঠিত হবে। ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

২২.০৮.১৯

(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহবায়ক , ইনোভেশন কমিটি
বাপেক্স।

অনুলিপিঃ

১। কমিটির সদস্য ........................................................., বাপেক্স, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক (সেবা), প্রশাসন বিভাগ, বাপেক্স, ঢাকা। (১৫ জন কর্মকর্তার জন্য নাস্তার আয়োজনের কর্তৃপক্ষীয় অনুরোধসহ)
৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, পরিকল্পনা বিভাগ, বাপেক্স, ঢাকা।
৪। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক শাখা, বাপেক্স, ঢাকা।
৫। দপ্তর কপি

সূত্র নং - ২৮.০৯.০০০০.০৭২.৬৩.০০২.১৮/

তারিখ ঃ ২৬ আগষ্ট ২০১৯

**জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ইনোভেশন কমিটির ২৬/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

দপ্তর স্মারক সূত্র নং ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.১৯/ তারিখ: ১৬/০৭/২০১৯ ইং মোতাবেক কোম্পানীর তথা জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ইনোভেশন কমিটির সদস্যগণের উপস্থিতিতে গত ২৬/০৮/২০১৯ইং বাপেক্স বোর্ড রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপেক্সের ইনোভেশন কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশ করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর বাপেক্সের ২০১৮-১৯ পঞ্জিকা বছরে ইনোভেশন কমিটির করণীয় ও ইতিমধ্যে গৃহীত কার্যক্রম, বাস্তবায়ন এবং করণীয় বিষয়াদি নির্ধারণকল্পে আলোচনা করা হয়।

২। আলোচনাঃ-

২.১। মন্ত্রী পরিষদ কর্তৃক নতুন প্রবর্তিত ইনোভেশন ছক এর আলোকে বাপেক্সের ২০১৮-১৯ পঞ্জিকা বছরে ইনোভেশন কমিটির করণীয় বিভিন্ন কর্মপরিকল্পনা পেট্রোবাংলায় প্রেরন এবং এ সম্পর্কিত বাপেক্সের নিম্নবর্নিত কর্মপরিকল্পনা সম্পর্কে সভার প্রারম্ভে আলোচনা করা হয়।

ক) Online daily report on operational activities of gas & mineral সম্পর্কিত একটি ওয়েব বেইসড Application. যা, পেট্রোবাংলার মাধ্যমে কেন্দ্রীয়ভাবে ডিজাইন ও প্রস্তুত করার পদক্ষেপ গ্রহন করা হচ্ছে।

খ) পেট্রোবাংলার অধীনস্থ সকল কোম্পানীর মূল প্রবেশ পথে সাধারন দর্শণার্থীগনের জন্য দপ্তর ও উদ্ধর্তন কর্মকর্তাগনের সাধারন তথ্য সম্পর্কে তাৎক্ষনিকভাবে জ্ঞাত হওয়ার নিমিত্তে স্থাপিত তথ্য নির্দেশনামূলক Digital display Board বিষয়ে সভায় আলোচনা করা হয়।

গ) বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৮-১৯ এর অন্যতম ইনোভেশন আইডিয়া হিসেবে হিসেবে "Online Gas Well Profile data management" শিরোনামে একটি ওয়েব বেইসড Application এর ডিজাইন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রস্তাবিত Application বাস্তবায়ন করা হলে এর সাহায্যে বাপেক্সের সকল গ্যাস ক্ষেত্রের আবিস্কৃত ও উৎপাদনক্ষম সকল গ্যাস কুপসমুহের ভু-তাত্বিক, খনন, টেস্টিং, উৎপাদনসহ বিভিন্ন কারিগরী উপাত্তসমুহ সফটকপি করে Organized way-তে Data entry, Indexing, Tables, Quires, Reports, View করার সুবিধা সম্বলিত ওয়েল প্রোফাইল ব্যবস্থাপনা আধুনিকায়ন করা। এতে করে কূপ সংক্রান্ত যেকোন কারিগরী বিষয়ে তাৎক্ষনিক মতামত / নির্দেশনা গ্রহন প্রদান সহজতর হতে পারে।

ঘ) মন্ত্রী পরিষদ কর্তৃক নির্দেশনার আলোকে বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৮-১৯ এর কর্মপরিকল্পনায় আভ্যন্তরীন (০১ দিনের, ০২ দিনের ও ০৫ দিনের) ও বৈদেশিক প্রশিক্ষন প্রদানের অগ্রগতি বিষয়ে আলোচনা করা।

ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৩.১৩-১৮ সংখ্যক প্রজ্ঞাপনে উল্লেখিত "প্রতি বছর ৩১ জানুয়ারীর মাঝে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা স্বীয় ওয়েবসাইটে প্রচার করা সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী বাপেক্সের ওয়েবসাইটে প্রচার করার বিষয়ে সভাকে অবগত করা হয়।

২.৩। সভায় বাপেক্সের ইনোভেশন কমিটির বিভিন্ন সভায় আলোচিত প্রস্তাবনা মোতাবেক ইতিপূর্বে গৃহিত বিভিন্ন আইডিয়া ও সংস্কার মূলক কাজের অংশ হিসেবে ভিডিও কনফারেন্সিং সিস্টেম বাস্তবায়ন, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরের আধুনিকায়ন, বাপেক্স কনফারেন্স রুমের আধুনিক স্টেজ নির্মান, ফার্নিচার পরিবর্তন করাসহ বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়। এছাড়া ভবিষ্যতে বাপেক্সের বিভিন্ন ইনোভেটিভ কার্যক্রমে প্রস্তাবিত অন্যান্য বিষয়সমুহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাস্তবায়নের ধারাবাহিকতা বজায় রাখার বিষয়েও সভায় আলোচনা করা হয়।

২.৪। সভায় বাপেক্সের ই-টেন্ডারিং এর বর্তমান অবস্থা এবং ই-ফাইলিং ও ই-গভর্নেন্স সিস্টেম বাস্তবায়ন এবং অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সভায় বাপেক্সের কর্মকর্তা ও কর্মচারীগনের প্রয়োজনীয় ব্যক্তিগত তথ্য সমুহ হালনাগাদ করনে কর্তৃপক্ষের সহিত মতামত সাপেক্ষ্যে একটি সমৃদ্ধ এইচআর ডাটাবেজ ম্যানেজমেন্ট প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া স্বল্প পরিসরে বাস্তবায়িত অনলাইন ই-স্টোর ব্যবস্থাপনায় তথ্যাদি আপডেট করার লক্ষ্যে ভান্ডার সংশ্লিষ্ট কর্মকর্তা ও বিভাগ সমূহের সমন্বয়ে একটি পর্যালোচনা সভার আয়োজন করার জন্য আলোচনা করা হয়।

২.৫। সভায় বাপেক্সের ই-টেন্ডারিং এর বর্তমান অবস্থা এবং ই-ফাইলিং ও ই-গভর্নেন্স সিস্টেম বাস্তবায়ন এবং অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সভায় বাপেক্সের কর্মকর্তা ও কর্মচারীগনের প্রয়োজনীয় ব্যক্তিগত তথ্য সমুহ হালনাগাদ করনে কর্তৃপক্ষের সহিত মতামত সাপেক্ষ্যে একটি সমৃদ্ধ এইচআর ডাটাবেজ ম্যানেজমেন্ট প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া স্বল্প পরিসরে বাস্তবায়িত অনলাইন ই-স্টোর ব্যবস্থাপনায় তথ্যাদি আপডেট করার লক্ষ্যে ভান্ডার সংশ্লিষ্ট কর্মকর্তা ও বিভাগ সমূহের সমন্বয়ে একটি পর্যালোচনা সভার আয়োজন করার জন্য আলোচনা করা হয়।

৩। সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমুহ | বাস্তবায়নকারী বিভাগ / উপ-বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | ২০১৮-১৯ অর্থ বছরে প্রস্তাবিত সকল উদ্ভাবনী কর্মপরিকল্পনা ও প্রস্তাবনার অগ্রগতি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা। এ বিষয়ে ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট পেট্রোবাংলার সাথে যোগাযোগ অব্যহত রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ইনোভেশন অফিসার ও ফোকাল পয়েন্ট |

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমুহ | বাস্তবায়নকারী বিভাগ / উপ-বিভাগের নাম |
|---|---|---|
| ০২ | ২০১৯-২০ অর্থ বছরের জন্য মন্ত্রী পরিষদ কর্তৃক নির্দেশনার আলোকে কর্মপরিকল্পনায় প্রস্তাবিত বিভিন্ন বিষয়াদি যথাসময়ে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনে আলোচনা করা হয়। পরবর্তী সভায় এতদসংক্রান্ত বিষয়ে অগ্রগতি ও গৃহিত কার্যক্রম সম্পর্কে ইনোভেশন কমিটি ও কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়। | ইনোভেশন অফিসার ও ফোকাল পয়েন্ট |
| ০৩ | মন্ত্রী পরিষদ কর্তৃক নির্দেশনার আলোকে বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৯-২০ এর কর্মপরিকল্পনার আলোকে আগামী ৩০ শে ডিসেম্বর ২০১৯ নাগাদ প্রধান কার্যালয়ে এটুআই ইনোভেশন রিসোর্স পারসন / প্রতিনিধির মাধ্যমে একটি এক দিনের কর্মকর্তা পর্যায়ে ইনোভেশন কর্মশালা আয়োজনের আলোচনা করা হয়। | পরিকল্পনা বিভাগ ও প্রশাসন বিভাগ |
| ০৪ | কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধি ও উৎসাহিত করার জন্য অফিসের ওয়েব সাইটে ও নোটিশ বোর্ডে আইডিয়া প্রদান সংক্রান্ত নোটিশ প্রদানসহ ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ। | প্রশাসন বিভাগ ও আইসিটি উপ-বিভাগ । |
| ০৫ | বাপেক্সের স্থানীয় ক্রয় কার্যক্রমে ই-টেন্ডারিং কার্যক্রম ব্যাপকভাবে বাস্তবায়ন এবং ই-ফাইলিং সিস্টেমে বাপেক্সের র‍্যাংকিং উন্নতীকরনে জোরালো পদক্ষেপ গ্রহন ও প্রয়োজনীয় ইন-হাউস প্রশিক্ষন কার্যক্রম আয়োজন করা। | প্রশাসন বিভাগ ও পরিকল্পনা বিভাগ |
| ০৬ | Store Database Management System ব্যবহার এবং সংশ্লিষ্ট তথ্যাদি আপডেট করার লক্ষ্যে ভান্ডার সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি সভার আয়োজন করা যেতে পারে। | প্রশাসন বিভাগ ও আইসিটি উপ-বিভাগ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬.০৮.১৯

(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
আহবায়ক, ইনোভেশন কমিটি

বিতরণ ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
২। বাপেক্স ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ইনোভেশন কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগনের তালিকা।

সভার তারিখ ঃ ২৬ আগষ্ট ২০১৯

| ক্রম | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ আবুল কা[illegible] | সদস্য (মু) | [illegible] |
| ০২ | খন্দকার তৌহিদুল ইসলাম | সহ ব্যবস্থাপক (প্রশাসন) | [illegible] |
| ০৩ | এ.কে.এম. মনজুর হাসান | GM (planning) | [illegible] 26/08/19 |
| ০৪ | মুঃ হাসানুজ্জামান সিকদার | DGM (Prod) | [illegible] 25/08/19 |
| ০৫ | [illegible] | DGM | [illegible] |
| ০৬ | মোহাঃ আহসানুল আমিন | DGM (IG) | [illegible] |
| ০৭ | মোহাম্মদ নূর হোসেন | DGM (HC) | [illegible] |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |